



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা -১২১৫

পিএবিএক্সঃ ০২-৫৫০১৩৭২৬-২৮; ই-মেইলঃ info@nhrc.org.bd

ওয়েবসাইটঃ www.nhrc.org.bd

মানবাধিকার সবার জন্য সবখানে সমানভাবে

গণ বিজ্ঞপ্তিঃ

সন্ত্রাস, জঙ্ঘিবাদ ও মাদককে না বলুন

জনস্বার্থে জানানো যাচ্ছে যে, জাতীয় মানবাধিকার কমিশন ২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান। সম্প্রতি কমিশনে কিছু উল্লেখযোগ্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

কমিশন কার্যালয়ে সম্প্রতি কর্মজীবী বাবা-মায়ের শিশু সন্তানদের জন্য একটি দিবায়ত্ত কেন্দ্র চালু করা হয়েছে। এই দিবায়ত্ত কেন্দ্রের ধারণ ক্ষমতা প্রাথমিকভাবে ২০ জন করা হয়েছে। আগ্রহী কর্মজীবী বাবা-মায়েরা কমিশনের দিবায়ত্ত কেন্দ্রে তাদের শিশু সন্তানদের রাখতে আগ্রহী হলে কমিশনের হেল্পলাইনে যোগাযোগ করার জন্য আহ্বান জানানো যাচ্ছে।

জনগণকে সহজে এবং দ্রুত তথ্য সেবা প্রদান করার জন্য কমিশন ইতিমধ্যে একটি হেল্পলাইন চালু করেছে। হেল্পলাইনে তথ্যসেবা পেতে ও জরুরি প্রয়োজনে যে কোন নম্বর থেকে ডায়াল করুন ১৬১০৮ নম্বরে প্রতি কর্মদিবসে (রবি- বৃহস্পতি সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা)।

কমিশন কর্তৃক মানবাধিকার সংস্কৃতি বিকাশের কার্যক্রমের অংশ হিসাবে এবং পিছিয়ে পড়া জনগোষ্ঠীর অধিকার সুরক্ষাকল্পে সম্প্রতি কমিশনে ০২ জন শারীরিক প্রতিবন্ধি ও ০১ জন হিজড়াকে এক্সিকিউটিভ অফিসার পদে নিয়োগ দেওয়া হয়েছে। কমিশন মনে করে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর অধিকার সুরক্ষায় সরকারের পাশাপাশি সবাইকে এগিয়ে আসতে হবে।

সতর্কীকরণঃ সম্প্রতি কিছু অসাধু ব্যক্তি ও সংস্থা জাতীয় মানবাধিকার কমিশনের নাম ব্যবহার করে প্রচারণা চালিয়ে জনগণকে বিভ্রান্ত করছে। কোনো কোনো ক্ষেত্রে এ সকল সংস্থা নামের সাথে 'কমিশন' শব্দ ও লোগো ব্যবহার এবং জাতীয় মানবাধিকার কমিশনের সদস্যপদ ও আইডি কার্ড দেওয়ার নামে অর্থ আদায় করছে মর্মে অভিযোগ পাওয়া গেছে।

উল্লেখ্য, ২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ও সদস্যদের নিয়োগ দান করেন। সুতরাং অন্য কোনো উপায়ে কমিশনের সদস্য হওয়ার কোনো সুযোগ নেই।

কমিশনের প্রধান কার্যালয় বাংলাদেশ টেক্সটাইল মিলস্ কর্পোরেশন ৯ম তলা, ৭-৯ কারওয়ান বাজার, ঢাকায় এবং দুইটি আঞ্চলিক কার্যালয় রাজশাহী ও খুলনায় অবস্থিত এবং কক্সবাজারে আরেকটি আঞ্চলিক কার্যালয় স্থাপন করা হচ্ছে। এছাড়া, বর্তমানে আর কোন জেলা বা উপজেলায় কমিশনের কোন কার্যালয় নেই। সংশ্লিষ্ট সকলকে এ ধরনের প্রতারণামূলক কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ ও সতর্কতা অবলম্বনের জন্য এ বার্তা জারি করা হচ্ছে।